



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজ সেবা কার্যালয়
হাটহাজারী, চট্টগ্রাম
dss.hathazari.chittagong.gov.bd



স্মারক নম্বর: ৪১.০১.১৫৩৭.০০০.১৮.০৩৪.২৩.৩৮

তারিখ: ১৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: নিষ্ক্রিয় নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহের শুনানী গ্রহণ।

সূত্র: স্মারক নম্বরঃ ৪১.০১.১৫০০.০০৩.১৮.০০১.১৯.১৩৭; তারিখঃ ০২ মার্চ, ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৬১ এর ধারা ৭ এ প্রাপ্ত ক্ষমতাবলে স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধি ১৯৬২ এর ৯ ও ১০ এ প্রদত্ত শর্তসমূহ বাধ্যতামূলকভাবে পালন সাপেক্ষে জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম হতে আপনার সংস্থার নিবন্ধন প্রদান করা হয়।

কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, নিবন্ধন প্রাপ্তির পর দীর্ঘদিন যাবত নিবন্ধন কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষাসহ প্রদত্ত শর্তসমূহ পালন করছেন না। এমনকি নির্দিষ্ট মেয়াদান্তে কার্যকরী কমিটি গঠন পূর্বক তা অনুমোদনসহ নিবন্ধন সনদে বর্ণিত শর্তসমূহও প্রতিপালন করছেন না। কার্যকরী কমিটি অনুমোদন ছাড়াই নিজেদের মতো করে কার্যক্রম পরিচালনা করছেন এবং কোন কোন ক্ষেত্রে দ্বন্দ্ব-কলহ এবং মামলা মোকাদ্দমায় লিপ্ত হচ্ছেন। ফলে সরকারের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৬১ এবং স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধি ১৯৬২ এর লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাহত হচ্ছে।

এমতাবস্থায়, কেন আপনার সংস্থার নিবন্ধন বাতিল করার সুপারিশ নিবন্ধন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হবে না তার লিখিত ব্যাখ্যাসহ আগামী.....তারিখ সকাল ১০ঃ০০ ঘটিকায় অত্র কার্যালয়ে অনুষ্ঠেয় শুনানীতে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৭-০৩-২০২৩

মুজাহিদুল ইসলাম

উপজেলা সমাজসেবা অফিসার

০১৮১৬৩৬১৩২৯

usso.hathazari@dss.gov.bd

সভাপতি / সাধারণ সম্পাদক,, হাটহাজারী, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৪১.০১.১৫৩৭.০০০.১৮.০৩৪.২৩.৩৮/১ (৭)

তারিখ: ১৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, চট্টগ্রাম;
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম;
- ৩। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম;
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাটহাজারী, চট্টগ্রাম;
- ৫। প্রশাসক, হাটহাজারী পৌরসভা, হাটহাজারী, চট্টগ্রাম;
- ৬। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ(সকল), হাটহাজারী, চট্টগ্রাম এবং
- ৭। অফিস কপি, উপজেলা সমাজসেবা কার্যালয়, হাটহাজারী, চট্টগ্রাম।



মুজাহিদুল ইসলাম

২৭-০৩-২০২৩

মুজাহিদুল ইসলাম

উপজেলা সমাজসেবা অফিসার